

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ২৪৭

প্রব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫. সালাতে খুশূ বা বিনয় নম্রতার প্রতি উৎসাহ প্রদান - মুসল্লী এমন বস্তু থেকে দূরে থাকবে যা তাকে অমনোযোগী করে দেয়

আরবী

وَاتَّفَقَا عَلَى حَدِيثِهَا فِي قِصَّةِ أَنْبِجَانِيَّةِ أَبِي جَهْم, وَفِيهِ: فَإِنَّهَا أَلْهَتْنِي عَنْ صلَاتِي

صحيح. رواه البخاري (373)، ومسلم (556) ولفظه: عن عائشة _رضي الله عنها_ قالت: صلى النبي _صلى الله عليه وسلم_ في خميصة ذات أعلام، فنظر إلى أعلامها نظرة، فلما انصرف قال: «اذهبوا بخميصتي هذه إلى أبي جهم، وائتوني بأنبجانية أبي جهم، فإنها ألهتني عن صلاتي» و «الخميصة»: كساء مربع من صوف. و «الأنبجانية»: كساء يتخذ من صوف، وله خمل، ولا علم له

বাংলা

২৪৭. বুখারী, মুসলিম ঐকমত্যভাবে আবূ জাহামের আম্বেজানিয়া চাদরের ঘটনায় আয়িশা (রাঃ) থেকে বর্ণিত হাদীসে আছে— 'পর্দাখানির চিত্র (ছবি)-গুলো আমাকে সালাত হতে অমনযোগী বা উদাসীন করে দিচ্ছিল'।[1]

ফুটনোট

[1] বুখারী ৩৭৩, ৭৫২, ৫৮১৭; মুসলিম ৫৫৬। নাসায়ী ৭৭১, আবৃ দাউদ ৯১৪, ৪০৫২, মুসলিম ৩৫৫০, আহমাদ ২৩৫৬৭, ২৩৬৭০, ২৪৯১৭, মুওয়াত্তা মালেক ২২০, ২২১। মুসলিমের শব্দসমূহ হচ্ছে: عن عائشة رضي الله عليه وسلم في خميصة ذات أعلام، فنظر إلى أعلامها نظرة، فلما انصرف قال: اذهبوا بخميصتي هذه إلى أبي جهم، وائتوني بأنبجانية أبي جهم، فإنها ألهتني عن صلاتي আয়িশাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়সাল্লাম একদা নকশাবিশিষ্ট কাপড়ে সালাত



আদায় করলেন। সালাতের মধ্যে তার দৃষ্টি সেই নকশার উপর পড়ল। সালাত শেষে তিনি বললেন, তুমি আমার এ কাপড় আবূ জাহমের নিকট নিয়ে যাও এবং তার থেকে আম্বেজানিয়া কাপড় নিয়ে আসো। কেননা এ নকশাদার কাপড় আমার মনোযোগ নষ্ট করে দিচ্ছিল।

الخميصة হচ্ছে একপ্রকার চতুষ্কোণবিশিষ্ট পরিধেয় বস্ত্র। আর الأنبجانية হচ্ছে: পশম থেকে তৈরি এক প্রকার কাপড়। এ কাপড়ের ঝালর রয়েছে; তবে কোন নকশা নেই।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন